

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪০

তারিখঃ ০১ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
১৫ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন প্রসঙ্গো।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অথরিটি কর্তৃক জারীকৃত ১২/০৩/২০১৪ইং তারিখের লেটার নং- রেগু-২২ এর মাধ্যমে শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে বেশ কিছু নির্দেশনা প্রদান করা হলেও কতিপয় প্রতিষ্ঠান উক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করছে না মর্মে প্রতীয়মান হচ্ছে।

বর্ণিত অবস্থায়, শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইতোপূর্বের নির্দেশনাসহ নিম্নোলিখিত বিষয়গুলো পরিপালনের জন্য অনুরোধ করা হলোঃ

১. প্রত্যেক প্রতিষ্ঠানে শুদ্ধাচার পরিপালন বিষয়ে একটি কমিটি (নৈতিকতা কমিটি) গঠন করতঃ অথরিটিকে অবহিতকরণ;
২. নৈতিকতা কমিটির মধ্যে একজন ফোকাল পয়েন্ট নির্ধারণপূর্বক তার সাথে সার্বক্ষণিক যোগাযোগের ঠিকানাসহ (ফোন নম্বর) অথরিটিকে অবহিতকরণ;
৩. প্রতি মাসের প্রথম সপ্তাহে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে;
৪. শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে স্ব স্ব প্রতিষ্ঠানে কর্ম-পরিকল্পনা প্রণয়ন/হালনাগাদকরণ (অথরিটির ওয়েবসাইটে {www.mra.gov.bd} সংরক্ষিত কর্মপরিকল্পনার হুকানুযায়ী);
৫. শুদ্ধাচার সম্পর্কে প্রাথমিক ধারণা ও করণীয় বিষয়ে অথরিটি কর্তৃক প্রণীত জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি সমিতি পর্যায়ে লিফলেট আকারে বিতরণের ব্যবস্থা গ্রহণ;
৬. তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রাপ্তির লক্ষ্যে প্রতিষ্ঠানে একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মনোনয়ন পূর্বক যোগাযোগের ঠিকানাসহ অথরিটিকে অবহিতকরণ এবং গ্রাহক ও সাধারণ জনগণের উদ্দেশ্যে প্রচারকরণ;
৭. প্রত্যেক প্রতিষ্ঠানে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) নতুন হকে প্রণয়ন ও হালনাগাদকরণ (অথরিটির ওয়েবসাইটে {www.mra.gov.bd} citizen charter এর হক রয়েছে) এবং জনসমক্ষে তা প্রচারের ব্যবস্থাকরণ;
৮. গ্রাহকসেবা আরো উন্নত ও জনবান্ধব করতে বিভিন্ন উদ্ভাবনীমূলক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রতিষ্ঠানে একটি 'ইনোভেশন টিম' গঠন;
৯. শুদ্ধাচার বিষয়ে গৃহীত পদক্ষেপ ও অগ্রগতি প্রতিবেদন অথরিটিতে প্রেরিত অন্যান্য যাদ্যাসিক বিবরণীর সাথে প্রেরণ।

উপরোক্ত নির্দেশনা পরিপালনে কোনরূপ প্রতিবন্ধকতা দেখা দিলে অথবা কোন তথ্য জানার প্রয়োজন হলে ৮৩৩৩৩৮৯ এবং ৮৩৩৩২৪৫, এক্সঃ ২২০ ফোন নম্বরে অথবা হটলাইন নম্বর ১৬৩৯৪-এ যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মোশাররফ হোসেন খান)

পরিচালক

ফোনঃ ৮৩৩৩৬৩৬

অনুলিপি নং- ৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.২০১৬-৬৪৯৭ (৬৮৭)

তারিখঃ-১৫/১১/২০১৬ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা;
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা;
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা;
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ আব্দুল মান্নান)

উপ-পরিচালক

ফোনঃ-৮৩৩২৫১৭, এক্স-২৮৪